দৈনিক ইনকিলাব

তারিখ ........................ FEB. 1 4 2002
পৃষ্ঠা ..... কলাম .....



(বামে) লুটন বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ডঃ ইসলাম শিক্ষা সচিবের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন এবং তাকে লুটন বিশ্ববিদ্যালয়ের ক্রেস্ট উপহার দেন। (ডানে) প্রতিনিধি দল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানের সঙ্গেও সাক্ষাৎ করেন

# বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে লুটন বিশ্ববিদ্যালয়ের ভূমিকা নিয়ে আলোচনা

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** যুক্তরাজ্যের লুটন বিশ্ববিদ্যালয়ের ডেপুটি ভাইস চ্যান্সেলর ডঃ স্টিফেন জে পেট্টির নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের অন্যতম গভর্নর মিঃ মাইক শেরিফ, আঞ্চলিক পরিচালক মিঃ স্টিভ স্টিফেন্স এবং তাদের বাংলাদেশ প্রতিনিধি ডঃ আউন্নুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সম্প্রতি বাংলাদেশ সফর করেছেন। তারা তৃতীয় পর্যায়ভুক্ত (টারশ্যারি) শিক্ষার ক্ষেত্রে সহযোগিতার লক্ষ্যে একটি কর্মমুখী পরিকল্পনা নিয়ে সরকারী ও বেসরকারী খাতের প্রতিষ্ঠানের সঙ্গে বেশ কয়েকটি বৈঠক করেছেন।

উল্লেখ্য তারা শিক্ষা সচিব এবং বাংলাদেশ প্রশাসন ও ব্যবস্থাপনা ইনস্টিটিউট (বিআইএএম)-এর প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ শহীদুল আলমের সঙ্গে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলটি বিআইএএমও পরিদর্শন করেন এবং সেখানে উন্নয়ন, প্রশাসন ও ব্যবস্থাপনার বিভিন্ন ক্ষেত্রে সরকারী কর্মকর্তাদের অব্যাহত প্রশিক্ষণ প্রদানে শিক্ষা সচিবের গতিশীল নেতৃত্বে খুবই সন্তোষ প্রকাশ করেন।

প্রতিনিধি দল ইনস্টিটিউটে আন্তর্জাতিক মানের সুযোগ-সুবিধা চালু রয়েছে দেখে সন্তুষ্ট হন। বিআইএএম-এ এক নৈশভোজ সভায় প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ডঃ কামাল উদ্দীন সিদ্দিকীর সঙ্গে আলাপের সুযোগ পান। তিনি শিক্ষাক্ষেত্রে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে দেশের মানবসম্পদ উন্নয়নে প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ গ্রহণ সম্পর্কে দলকে অবহিত করেন। বিশ্ববিদ্যালয় দল বিআইএএম-এর সঙ্গে পারস্পরিক সহযোগিতার সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা চালিয়ে যাচ্ছে। প্রতিনিধি দল সফরকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।